অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রচেস্টারে 38 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণের অগ্রগতি ঘোষণা করলেন

16টি পুনর্বাসিত ভবনে 75টি অ্যাপার্টমেন্ট নিয়ে পুয়েব্লো নুয়েভো ফেজ ওয়ান এখন সম্পূর্ণ; 29টি নতুন ভাড়া বাড়ি এবং কমিউনিটি সেন্টার নিয়ে ফেজ টু এর নির্মাণকাজ চলছে

104টি সাশ্রয় বাড়ি ও সমর্থন সেবা দিয়ে উভয় ফেজ এল ক্যামিনো এলাকার পুনর্বাসন প্রচেষ্টা অগ্রসর করে

'ফিঙ্গার লেকস ফরোয়ার্ড' পুনর্বাসন উদ্যোগ এবং 20 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের স্টেট আবাসন পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে রচেস্টারের এল ক্যামিনো এলাকায় পুয়েব্লো নুয়েভোর প্রাথমিক 25 মিলিয়ন মার্কিন ডলার ফেজ সম্পূর্ণ হওয়ার ঘোষণা দিলেন। ফেজ ওয়ানে রয়েছে এলাকাব্যাপী ষোলটি ভবনে 75টি সাশ্রয়ী বাসা। এছাড়াও, 13 মিলিয়ন মার্কিন ডলারের ফেজ টু এর নির্মাণকাজ চলছে, যা আরো 29টি সাশ্রয় বাসা এবং একই কমিউনিটি সেন্টার তৈরি করবে।

"নিরাপদ, সাশ্রয়ী আবাসনের সুযোগ এবং সেই ভিত্তি একটি স্থিতিশীল ও সমৃদ্ধ ভবিষ্যতের জন্য যেই স্থিতিশীলতা প্রদান করে তা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর হোকল বলেন,** "নিউ ইয়র্কে আবাসন অনিরাপত্তা শেষ করতে কাজ করার জন্য আমার প্রশাসন সম্পূর্ণরূপে অঙ্গীকারবদ্ধ এবং পুয়েব্লো নুয়েভোর এই প্রাথমিক ফেজ সম্পূর্ণকরণ সেই প্রচেষ্টার সর্বশেষ উদাহরণ। আমরা এ ধরনের কৌশলী বিনিয়োগ করতে থাকবো যা কেবল নিউ ইয়র্কবাসীর জন্য বাসা বলার মতো নির্ভরযোগ্য স্থানই নিশ্চিত করবে না, বরং স্টেটব্যাপী প্রাণবন্ত সম্প্রদায় গঠনেও সাহায্য করবে।"

পুয়েব্লো নুয়েভো ওয়ান নির্মিত হয়েছে নর্থ ক্লিনটন অ্যাভিনিউয়ের কাছে এবং সেইন্ট মাইকেলস গির্জার ঠিক দক্ষিণে পাঁচ-ব্লকব্যাপী 20টি খালি এবং স্বল্পব্যবহৃত বা কালজীর্ণ লটে। 12 হোল্টজার স্ট্রিটে একটি পৃথক শহরের-মালিকানাধীন লটকে বাগান, হাঁটার পথ, একটি খেলার মাঠ ও পিকনিক করার প্যাভিলিয়নসহ কমিউনিটি সবুজ স্থানে রূপান্তর করা হয়েছে।

সেখানে মোট 16টি আবাসিক ভবন রয়েছে: সালিভান স্ট্রিটে 16টি অ্যাপার্টমেন্টসহ একটি নতুনভাবে নির্মিত বহু-পরিবারের ভবন; নির্মাণ এলাকাব্যাপী 13টি নতুনভাবে নির্মিত তিন-পরিবারের বাসা; এবং হোল্টজার স্ট্রিটে একটি সংস্কারকৃত দুই-পরিবারের বাসা। উপরন্তু, ক্লিফোর্ড অ্যাভিনিউতে 1905 সালে প্রথম নির্মিত একটি রোমান ধাঁচের ইটের ভবনকে 18টি ভবনসহ একটি বহু-পরিবারের ভবনে পরিবর্তন করা হয়েছে।

অ্যাপার্টমেন্টগুলির মধ্যে একাত্তরটি হবে এলাকার মিডিয়ান আয় (Area Median Income, AMI) এর 60 শতাংশ বা তার কম উপার্জনের পরিবারের জন্য সামর্থ্যের মধ্যে, এবং বাকি চারটি ইউনিট সংরক্ষিত থাকবে AMI এর 80 শতাংশ পর্যন্ত উপার্জনসহ পরিবারের জন্য। আটটি পরিবার রোচেস্টার হাউজিং অথরিটি (Rochester Housing Authority) এর কাছ থেকে প্রকল্প ভিত্তিক সেকশন 8 ভাউচার পাবে। উনিশটি বাসা বুদ্ধিগত ও বিকাশগত ডিজেবিলিটিসহ প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত থাকবে যারা ইবারো-আমেরিকান অ্যাকশন লীগ (Ibero-American Action League) প্রদত্ত সমর্থন সেবা গ্রহণের সুযোগ পাবেন।

ভবনগুলিতে থাকবে উচ্চ কার্যকর উত্তাপকে ও শীতলীকরণ ব্যবস্থা, উচ্চ কার্যকরী লেড বাতি, কম-প্রবাহের প্লাম্বিং ফিক্সচার এবং এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স।

ফেজ দুই নির্মাণ শুরু

পুয়েব্লো নুয়েভোর দ্বিতীয় ফেজ 19টি অবস্থানে আরো 29টি সাশ্রয়ী বাসা তৈরি করবে। ছয়টি বাসা সংরক্ষিত থাকবে পূর্বে গৃহহীন পরিবারের জন্য যারা এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative) দ্বারা অর্থায়িত এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) পরিচালিত সমর্থক সেবা গ্রহণের সুযোগ পাবে। রচেস্টার এবং মনরো কাউন্টির ইয়াং উইমেন্স ক্রিশ্চিয়ান অ্যাসোসিয়েশন (Young Women's Christian Association, YWCA) সেবা প্রদান করবে।

পাশাপাশি, 200 ক্লিফোর্ড অ্যাভিনিউয়ের একটি 10,000 বর্গফুট খালি গুদামকে এল ক্যামিনো কমিউনিটি সেন্টারে (El Camino Community Center, ECCC) রূপান্তর করা হবে। ECCC প্রদান করবে আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুবর্তী ব্যবসা বিকাশে অফিস স্পেস, ওয়ার্কশপ, শিক্ষা প্রোগ্রাম, সাংস্কৃতিক প্রোগ্রাম, বিনোদন এবং অন্যান্য সেবা যা অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নকে সমর্থন করে।

উভয় ফেজের নির্মাতা ইবারো-আমেরিকান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Ibero-American Development Corporation, IADC), ইবারো-আমেরিকান অ্যাকশন লিগের নির্মাণ প্রতিষ্ঠান।

ফেজ ওয়ানের স্টেট বিনিয়োগের মধ্যে রয়েছে হাউজিং ফাইন্যান্স এজেন্সি (Housing Finance Agency, HFA) ফার্স্ট মর্টগেজ 1.2 মিলিয়ন মার্কিন ডলার, 11.5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ও স্টেট লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Low-Income Housing Tax Credit) ইক্যুইটি এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) থেকে 6.2 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ

ডেভেলোপমেন্টাল ডিজেবিলিটিজ (New York State Office for People With Developmental Disabilities) 2.8 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন প্রদান করেছে এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) লো-রাইজ রেসিডেন্সিয়াল নিউ কনস্ট্রাকশন প্রোগ্রামের (Low-rise Residential New Construction) মাধ্যমে 56,400 মার্কিন ডলার প্রদান করেছে। অতিরিক্ত অর্থায়ন করেছে সিটি অফ রচেস্টার (City of Rochester) এবং ফেডারেল হোম লোন ব্যাঙ্ক অফ নিউ ইয়র্ক (Federal Home Loan Bank of New York)।

পুয়েব্লো নুয়েভো ফেজ টুকে ফেডারেল এবং স্টেট লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট প্রদান করা হয়েছে যা 9 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি তৈরি করবে এবং আরো অতিরিক্ত 3.5 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি প্রদান করবে HCR। NYSERDA সমর্থন হিসেবে 36,000 মার্কিন ডলার প্রদান করবে।

পুয়েব্লো নুয়েভা হল স্টেটের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ-বছরের আবাসন পরিকল্পনার অংশ যা আবাসনের সুযোগ বৃদ্ধি করবে এবং 100,000 এর বেশি সাশ্রয়ী বাসা এবং সমর্থক সেবা সহ 6,000 বাসা নির্মাণ বা রক্ষা করে গৃহহীনতার সাথে লড়াই করবে। 2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল রচেস্টারে 348 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে, যা প্রায় 3,500 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে।

HCR কমিশনার রুথঅ্যান ভিসনাউকাস বলেন, "পুয়েব্লো নুয়েভো নির্মাণ ভেঙ্গে পড়া কাঠামোকে ব্যক্তি ও পরিবারের জন্য আধুনিক অ্যাপার্টমেন্টে সংস্কার ও প্রতিস্থাপন করে এল ক্যামিনোকে বদলে দিচ্ছে, এবং একই সাথে গুরুত্বপূর্ণ ও নতুন কমিউনিটি স্থান তৈরি করছে। যখন উভয় ফেজ সম্পূর্ণ হয়ে যাবে, আমরা 104টি সাশ্রয়ী ও শক্তি-কার্যকর বাসা, যার মধ্যে 25টি থাকবে সমর্থক সেবাসহ, এবং একটি নতুন পার্ক ও কমিউনিটি সেন্টার বানিয়ে ফেলবো। এটি একটি সামগ্রিক প্রচেষ্টা যা এল ক্যামিনোতে যাদের বাড়ি তাদের সকলের উপকার করবে। ইবারো-আমেরিকান অ্যাকশন লীগের সাথে আমাদের অংশীদারিত্বের কল্যাণে, আমরা রচেস্টারে সুযোগ সম্প্রসারণ করছি এবং ফিঙ্গার লেকসকে সম্মুখগামী রাখতে পারছি।"

রচেস্টার মেয়র লাভলি ওয়ারেন বলেন, "নিরাপদ,, মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন মানুষের মৌলিক অধিকার এবং সম্প্রদায়ে আমাদের একটি প্রধান অর্জন হল যত বেশি সম্ভব মানুষকে বাসা প্রদান করা। পুয়েব্লো নুয়েভো আমাদের নাগরিকদের স্থিতিশীলতার একটি উৎস এবং সফলতার ভিত্তি প্রদান করবে। আমি আমাদের স্থানীয় নেতৃবৃন্দের সাথে সিটির অংশীদারিত্ব এবং নর্থার্ন রোচেস্টারে সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের বিনিয়োগের জন্য কৃতজ্ঞ।"

কাউন্টি নির্বাহী অ্যাডাম জে. বেলো বলেন, "পুয়েব্লো নুয়েভোর ফেজ ওয়ান সম্পূর্ণ হওয়া আমাদের বাসিন্দাদের জন্য আরো অতি জরুরি সাশ্রয়ী আবাসন নির্মাণের জন্য অনুপ্রেরণাদানকারী এবং সম্মুখগামী একটি দারুণ পদক্ষেপ। এল ক্যামিনো এলাকার বাসিন্দাদের জন্য এটি দারুণ একটি সংযোজন। পুয়েব্লো নুয়েভোকে সম্ভব করার জন্য নিউ ইয়র্ক স্টেটে আমাদের অংশীদারদের ধন্যবাদ, এবং সম্পূর্ণ প্রকল্পটি দেখার জন্য আমি উদগ্রীব।"

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন, "যখন ডাউনটাউন পুনরুজ্জীবনের কাজ চলছে, তখন সাশ্রয়ী ও সহজলভ্য আবাসনকে সমীকরণের একটি অংশ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইবারো-আমেরিকান অ্যাকশন লীগ এবং ফেডারেল, স্টেট ও স্থানীয় পর্যায়ের বৈচিত্রময় অর্থায়ন অংশীদার, যারা একত্রে এসে আমাদের এল ক্যামিনো এলাকা ও আশেপাশের সম্প্রদায়ের সুবিধার জন্য পুয়েব্লো নুয়েভোর নির্মাণ সম্ভব করেছেন, আমি তাদের সাথে কাজ করতে পেরে কৃতজ্ঞ। শক্তি কার্যকর নির্মাণের প্রথম ফেজ সম্পূর্ণ হওয়া এই সম্প্রদায়ের জন্য একটি দারুন বিকাশ। আমি প্রকল্পটিকে এর শেষ ফেজ সম্পূর্ণ করতে দেখতে এবং আমাদের প্রতিবেশীদের উপর এর স্থায়ী ইতিবাচক প্রভাব দেখার জন্য উদগ্রীব।"

স্টেটের অ্যাসেম্বলিমেম্বার ডেমন্ড মিকস বলেন, "আমাদের সম্প্রদায়ের সদস্যদের জীবনযাত্রা উন্নত করতে একটি পরিষ্কার বিনিয়োগ দেখতে পেরে আমি কৃতজ্ঞ। সাশ্রয়ী আবাসন প্রদান ছাড়া আমরা আমাদের সম্প্রদায়ের অধিকার বঞ্চিত সদস্যদের উন্নয়ন শুরু করতে পারবো না। নিরাপদ, পরিচ্ছন্ন এবং সাশ্রয়ী আবাসন একটি মৌলিক চাহিদা যা থেকে আমাদের সম্প্রদায়ের অনেক বেশি সদস্যকে বঞ্চিত করা হচ্ছে। প্রজন্মিক সম্পদ গঠন ও দারিদ্র্যের চক্র মুক্ত হতে একটি মর্যাদাপূর্ণ বাসা আবশ্যক। আমি ইবারো-আমেরিকান ডেভেলপমেন্টাল কর্পোরেশনকে আমাদের এলাকা এবং আমাদের পরিবারের কল্যাণে তাদের অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাতে চাই। আশা করবো যে পুয়েব্লো নুয়েভো আমাদের সম্প্রদায়ের সর্বাধিক দুর্বল বাসিন্দাদের জন্য কার্যকর রিসোর্স এবং নির্ভরযোগ্য বাসা প্রদান করতে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের নির্বাহী ডেপুটি কমিশনার রোজার বিয়ার্ডেন বলেন, "পুয়েব্লো নুয়েভোর মতো প্রকল্প সন্নিবেশিত জীবনের জন্য সুযোগ প্রদান করে এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষকে সম্প্রদায়ের অংশগ্রহণকারী সদস্য হিসেবে বসবাস করার ক্ষমতা প্রদান করে। এই 19 ইউনিট, যা OPWDD এর সমর্থিত জনগোষ্ঠীর জন্য নির্ধারিত, ঐ লক্ষ্য পূরণে বহুদূর এগিয়ে যাবে পাশাপাশি বাসিন্দাদের তাদের প্রয়োজনীয় সেবা পাওয়া নিশ্চিত করবে।"

NYSERDA এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম.হ্যারিস বলেন, "পুয়েব্লো নুয়েভো ডেভেলপমেন্টের অগ্রগতির সাথে, রচেস্টারের কিছু সবচেয়ে অরক্ষিত বাসিন্দা এখন উচ্চ শক্তি ক্ষমতা সাশ্রয়ী প্রযুক্তি এবং অন্যান্য সিস্টেম যা আরাম-আয়েশ বাড়ানোর পাশাপাশি শক্তি খরচের বিল কমায় এমন আবাসনের সুযোগ পাবে। প্রকল্পটি প্রমাণ করে যে একটি সম্প্রদায়ের পুনরুজ্জীবনের জন্য স্বল্পব্যবহৃত লট এবং জরাজীর্ণ ভবনকে নিম্ন-কার্বন ভবিষ্যতে নিয়ে আসা যায়, যা ক্ষতিকারক নিঃসরণ কমানোর এবং পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগ সুবিধা সকল নিউ ইয়র্কবাসীকে পৌঁছে দেওয়ার স্টেটের লক্ষ্যকে সমর্থন করে।"

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) এর ইক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন, "সহায়ক আবাসন পরিবার এবং ব্যক্তিবর্গকে ঐসব সমস্যার সমাধানে কাজ করার সুযোগ দেয় যার ফলশ্রুতিতে তারা গৃহহীন হয়ে পড়েন। এই প্রকল্পটি সম্প্রদায়ের জন্য রূপান্তরমূলক হবে, যা পুয়েব্লো নুয়েভো ডেভেলপমেন্টের বাসিন্দাদের জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন এবং সেবা প্রদান করবে।"

IADC এর নির্বাহী ভাইস প্রেসিডেন্ট ইউজিনিও মার্লিন বলেন, "পুয়েব্লো নুয়েভো উত্তরপূর্ব রচেস্টারের এল কামিনো এলাকার রূপান্তরের জন্য চাবিকাঠি। এটি এক অনন্য সুযোগের ব্যবহার করে যা কেবল নিরাপদ এবং সাশ্রয়ী আবাসনই প্রদান করবে না, বরং, যেহেতু এটি প্রধান ব্যবসা করিডোর, ক্লিনটন অ্যাভিনিউ, এবং ইন্টারন্যাশনাল প্লাজার কাছে অবস্থিত, এটি আরও পরিবারকে এলাকায় আকৃষ্ট করে ব্যবসায়িক উন্নয়নের জন্য অনুঘটক হিসাবে কাজ করবে। প্রকল্পের মধ্যে রয়েছে ও' ব্রায়ান স্ট্রিটে অবস্থিত পুয়েব্লো নুয়েভো কমিউনিটি পার্ক যা এর সুযোগসুবিধার মাধ্যমে বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে।"

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418